দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 06 MAR 1987
পৃষ্ঠা 1 কলাম 4

10

09

60

# বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের বকেয়া বেতন প্রদানের ব্যাপারে আন্তঃ মন্ত্রণালয় কমিটি

।। সংসদ রিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল বৃহস্পতিবার সংসদ অধিবেশনে জাসদের (রব) পাঞ্জাব-আলী বিশ্বাসের এক প্রশ্নের উত্তরে জানান, শিক্ষক সমিতির প্রতিনিধিদের সাথে আলোচনায় সমঝোতার প্রেক্ষিতে একটি আন্তঃ মন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে। বেসরকারী শিক্ষক কর্মচারীদের সংশোধিত বেতনক্রম ১লা জুন '৮৫ হতে '৮৬-এর ২রা ফেব্রুয়ারী পর্যন্ত বকেয়া বেতন প্রদানের উপায় উদ্ভাবন করতে কমিটিকে অনুরোধ জানানো হয়েছে।

তিনি জানান, সরকারের আর্থিক অসচ্ছলতার কারণে শিক্ষক কর্মচারীদের এই দাবী পূরণ করা সম্ভব হয়নি।